শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
# গোলাপগঞ্জ, সিলেট

মুজিব শতবর্ষ ১০০

জুন / ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩৯ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব নাজিরা বেগম, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ২০ জুন ২০২২ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব নাজিরা বেগম উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কতৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কাযাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | প্রকৌশল শাখার পক্ষ হতে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা প্রকৌশলীকে বক্তব্য প্রদানের সুযোগ দেওয়ার জন্য সম্মানিত চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। শুরুতেই তিনি জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে কুশিয়ারা আবাসিক ভবন (১ম তলা পূর্ব পার্শ্ব) বসবাস অনুপযোগী হয়ে পড়ায় এবং পূরবী আবাসিক ভবন নিচতলা পশ্চিম পাশের ইউনিটের বাথরুমের (টয়লেট) ব্যবহারের অনুপযোগী হওয়ায় জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উক্ত মেরামত কাজে ১,১১,৯৫০.০০ (এক লক্ষ এগার হাজার নয়শত পঞ্চাশ) টাকা ব্যয় হবে মর্মে তিনি পরিষদকে অবহিত করেন। যাহা উপজেলা রাজস্ব তহবিল থেকে ব্যয় নির্বাহ করা যেতে পারে। উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্বত্ত) চলমান অর্থ বছরে ইতোমধ্যে গৃহিত প্রকল্পসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে ১০০ ভাগ সম্পন্ন হবে। এছাড়াও বিভাগীয় উন্নয়ন কার্যক্রম সুষ্ঠ ও সন্তোষজনক ভাবে চলমান রয়েছে। | উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত উপজেলা পরিষদের অভ্যন্তরে কুশিয়ারা আবাসিক ভবন (১ম তলা পূর্ব পার্শ্ব) এবং পূরবী আবাসিক ভবন নিচতলা পশ্চিম পাশের ইউনিটের বাথরুমের(টয়লেট) ১,১১,৯৫০.০০ (এক লক্ষ এগার হাজার নয়শত পঞ্চাশ) টাকার মধ্যে মেরামত কাজ সম্পন্ন করার জন্য উপজেলা পরিষদ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা সভায় জানান, মোট নমুনা সংগ্রহ ৫০৭৯ জন, মোট আক্রান্ত ১১২৬ জন, মৃত্যু ১৯ জন, সুস্থ ১১২৬ জন ।করোনা টিকা মোট ১ম ডোজ ২৭০৬৬২ শতকরা হার ৭২.৪৭%। ২য় ডোজ ২৬৩৯৯৬ শতকরা হার ৭০.৬৯%। ৩য় ডোজ বুষ্টারঃফাইজার ১৬২০০, মর্ডানা ১১৪০০, এষ্টোজেনিকা ৩৮৮৭। হাসপাতালে আসা রোগীকে মাস্ক ব্যবহারের প্রয়োজনীয়তা, স্বাস্থ্যবিধি ও অন্যান্য সচেতনতা মেনে চলার জন্য উদ্বুদ্ধ করি। তা ছাড়া করোনা পজিটিভ রোগীকে চিকিৎসা প্রদানসহ স্বাস্থ্যবিধি মেনে আইসোলেশন এ থাকার পরামর্শ প্রদান করি। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, মে ২২ মাসে, মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৪৯৪৬১, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৮৭৪০, হার ৭৮.৩২%। গর্ভকালীন সেবা ৬২৬ জন, প্রসব সেবা ৫৭ জন, গর্ভোত্তর সেবা ২৭০জন, শিশু সেবা ৫৫২ জন, রোগী ১৯৬৪ জন, জীবিত জন্মের সংখ্যা ১৬০ জন, মৃত্যুর সংখ্যা ৭৪ জন, সর্বমোট গর্ভবতী ১৫৫৬ এবং মোট প্রবাসী দম্পত্তি ৪৯৯২ জন । | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, আউশ আবাদের অগ্রগতি ৪৬৫০ হেঃ। রোপন কার্যক্রম চলমান রয়েছে। নতুন জাতের ব্রি ধান-৮২, ব্রি ধান-৮৫ এর সম্প্রসারন করা হয়েছে। বন্যায় ১৫০০ হে: আউশ নিমজ্জিত আছে। ভাদেশ্বর, লক্ষীপাশা, লক্ষনাবন্দ ইউনিয়ন এর সবজি ও আউশ নিমজ্জিত অবস্থায় আছে।রোপা আমনের বীজ বিএডিসির মাধ্যমে ৮ জন ডিলার এর মাধ্যমে বীজ বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। সারের মজুদ পর্যাপ্ত আছে। ১০ টাকা ভুতুকি মূল্যে রোপা আমনের বীজ ডিলারদের মাধ্যমে বিক্রয় করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। রাজস্ব ও উন্নয়ন কার্যক্রমের আওতায় বিল নার্সারি স্থাপন,প্রদর্শনী পুকুর স্থাপন কার্যক্রম চলমান আছে, তবে বন্যায় প্রদর্শনী পুকুর ক্ষতিগ্রস্থ হয়েছে। তাছাড়া এপ্রিল-আগষ্ট মাস পর্যন্ত দেশীয় প্রজাতির ছোট মাছের প্রজনন মৌসুম হওয়ায় উক্ত সময়ে দেশীয় প্রজাতির ছোট মাছ ও পোনা আহরন করা থেকে জনগণকে সচেতন করতে সকলের প্রতি অনুরোধ ও সহযোগিতা কামনা করা হয়। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, বাঘা, শরীফগঞ্জ, বাদেপাশা, বুধবারীবাজার, আমুড়া, লক্ষনাবন্দ, ভাদেশ্বর, লক্ষীপাশা, ফুলবাড়ির জন্য ৬ টি ভেটেরিনারী মেডিক্যাল টীম গঠন করা হয়েছে। গবাদি পশুর টিকা প্রদান ৩৭৫০ টি, হাঁস মুরগীর চিকিৎসা ২২৩৮৪ টি,গবাদি পশুর চিকিৎসা ১৭৭৩ টি, কৃত্রিম প্রজনন ১২২ টি। এ ছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে। | গবাদি পশুর চিকিৎসা এবং টিকা প্রদান সহ অন্যান্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর) ১ম ও ২য় ও ৩য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় ১ টি পৌরসভা ও ১১ টি ইউনিয়নের ক্ষতিগ্রস্থদের মাঝে ৪২ মে.টন জি.আর চাল ১৮৫০ শত প্যাকেট শুকনা | গ্রামীন অবকাঠামো সংস্কার কর্মসূচী (কাবিখা/কাবিটা) কার্যক্রমের ধারাবাহিকতা | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খাবার বিতরন করা হয়েছে। পানি বন্দি লোকের আশ্রয়ের জন্য বিভিন্ন ইউনিয়নের ২৫ টি আশ্রয় কেন্দ্রে ৪১৭ টি পরিবারের ১৯৪৬ জন লোক আশ্রয় গরহন করেছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ১৮০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে আকষ্মিক বন্যায় ৮২ টি স.প্রা.বিদ্যালয়ে বন্যার পানি ঢুকেছে এবং৩২ টি বিদ্যালয়ে আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, গোলাপগঞ্জ উপজেলার ৬৫ টি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন সকল শিক্ষা প্রতিষ্টানই বন্যা কবলিত। শ্রেণী কার্যক্রম বন্ধ। তবে অফিস খোলার নির্দেশনা ও প্রয়োজনে আশ্রয়কেন্দ্র খোলার জন্য প্রস্তুত রাখার জন্য বলা হয়। তাছাড়া ১৫ টি প্রতিষ্টানে আশ্রয় কেন্দ্রে বন্যাকবলিত পরিবার সমূহ অবস্থান করছেন। আমরা সর্বদা প্রস্তুত। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী সভায় জানান যে, অত্র উপজেলার ১১ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভা বন্যাকবলিত। বন্যা মোকাবিলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রস্তুত আছে। এ পর্যন্ত আমরা বিভিন্ন ইউনিয়নে ২০,০০০ পানি বিশুদ্ধকরন ট্যাবলেট বিতরন করেছি। বন্যা মোকাবিলায় অস্থায়ীভাবে ১৪ টি নলকুপ স্থাপনের প্রয়োজনীয় মালামাল ও ৩০০০০ পানি বিশুদ্ধ করন ট্যাবলেট অত্র অফিসের গোদামে মজুদ আছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১১ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থবছরের সর্বশেষ চতুর্থ কিস্তির বিভিন্ন ভাতা ভোগীর পেরোল পাঠানো হয়েছে। জুন মাসের মধ্যেই সবাই টাকা পেয়ে যাবেন। আগামী অর্থবছরের অর্থ্যাৎ২০২২-২৩ অর্থবছরের প্রথম কিস্তির টাকা পাঠানোর আগে সকল ইউপি চেয়ারম্যান ও মেয়র মহোদয়কে প্রতিস্থাপিত ভাতাভোগীর তালিকা ও কোন প্রতিবন্ধী ব্যক্তি ভাতার আওতার বাইরে থাকলে দ্রুত তাদের তালিকা উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | ভাতাভোগীরা যাতে কোন ধরনের হয়রানির শিকার না হয় সে দিকে সজাগ দৃষ্টি রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবে | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ১/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে ঋণ বিতরন ৫৯.০৫ লক্ষ টাকা ঋণ আদায় ৪৩.৫০ লক্ষ টাকা। ২০০ জন সমবায়ীকে ৫ টি ব্যাচে প্রশিক্ষন সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, ইতোমধ্যে বরাদ্দকৃত ১৩০ টি কার্যকর সমবায় সমিতির শতভাগ অডিট কার্য সম্পন্ন হয়েছে। বিগত সনের সরকারি রাজস্ব অডিট সেস ইতোমধ্যে শতভাগ আদায় হয়েছে। বিগত মাসে ২৫ জনকে ভ্রাম্যমান প্রশিক্ষন প্রদান করা হয়েছে। সমবায় সমিতি পরিদর্শন করা হয়েছে ৮ টি। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, বোরো মৌসুমের ধান সংগ্রহ কার্যক্রম চলমান আছে। আমরা ইতোমধ্যে ১৩২ মে. টন ধান সংগ্রহ করতে সক্ষম হয়েছি। আমাদের লক্ষমাত্রা ছিল ৯৩২ মে.টন ধান। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ভিজিডি খাদ্যশস্যের জুন,২০২২ মাসের ডিও প্রদান সম্পন্ন হয়েছে। বিতরন কাজ চলমান। আগামীতে বরাদ্দ পত্র পাওয়া সাপেক্ষে জুলাই, ২০২২ মাসের খাদ্যশস্য ছাড়পত্র দেয়া হবে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, উপজেলা বনায়ন কেন্দ্র সভায় জানান বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, জুন মাস উপলক্ষে ঋণ আদায় বৃদ্ধি করার জন্য অত্র শাখায় ক্রাশ প্রোগাম পরিচালিত হচ্ছিল কিন্তু সাম্প্রতিক বন্যার কারনে প্রধান কার্যালয়ের নির্দেশিকা মোতাবেক ঋণ আদায় বন্ধ রাখা হয়েছে। শাখার সকল কর্মকর্তা/কর্মচারী সার্বক্ষনিক শাখার ক্ষতিগ্রস্থ উপকার ভোগীদের সাথে যোগাযোগ রেখে বন্যার্তদের সহায়তার কাজ করছেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৯ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান, গত ১৫ জুন হতে ২১ জুন/২২ পর্যন্ত "জনশুমারী ও গৃহগননা ২০২১" কার্যক্রম চলমান। প্রাকৃতিক বিপর্যয়ের মধ্যেও কাজ চলমান। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | উপজেলা পরিসংখ্যান কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২০ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| | বিবিধ | উপজেলা পরিষদের পরিচ্ছন্নতাকর্মী জনাব আব্দুল সোবহান ও মালী জনাব ফাহিমা বেগম আসন্ন ঈদুল আযহা উপলক্ষে ঈদ বোনাসের জন্য আবেদন করেন। তাদের আবেদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে মানবিক দিক বিবেচনা করে জনাব আব্দুল সোবহান ও ফাহিমা বেগমকে মে/২২ মাসের মজুরির অর্ধেক সমপরিমান অর্থ ঈদ বোনাস হিসাবে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | শাকিল ষ্টোর এর অনুকূলে বন্যা দুর্গতদের জন্য শুকনো খাবার ক্রয় বাবদ ১,০০,০০০/- চেক প্রদান চেক নং১৫৭৭৪৫৬ তাং১৯/৫/২২।জাকির হোসেনের অনুকূলে জীপ গাড়ি মেরামত বাবদ ১৯৫০০/-চেক প্রদান চেক নং১৫৭৭৪৫৮ তাং১৯/৫২২।জীপ গাড়ির এসি মেরামত বাবদ নিউ শাহজালাল অটো ইলেকট্রিককে ১৯৭০০/-চেক প্রদান চেক নং১৫৭৭৪৫৯ তাং১৯/৫/২২।মেসার্স অতনু কুমার চক্রবর্তী এর অনুকূলে জামানতের অর্থ বাবদ২৮৯৪৭৭/-চেক প্রদান চেক নং১৫৭৭৪৬০ তাং২৩/৫/২২।জনাব মো:আবুল কাশেম ইউপি সদস্য এর অনুকূলে ১,৭৪,০০০/-ভ্যাট ও আয়বকর বাবদ২৬০০০/-চেক প্রদান চেক নং১৫৭৭৪৬১-৩ তাং২৪/৫/২২। হোসেন আহমদ, উপসহকারী প্রকৌশলীর অনুকূলে ৪৩,৫০০/-, ভ্যাট ও আয়কর বাবদ৬৫০০/-চেক প্রদান চেক নং১৫৭৭৪৬৪-৬ তাং২৪/৫/২২।মেসার্স মাহী এন্টারপ্রাইজের অনুকূলে ৪২৫৭৮৬/-ভ্যাট ও আয়কর বাবদ৬৩৬২৪/-চেক প্রদান চেক নং১৫৭৭৪৬৭-৯ তাং ২৪/৫/২২।উপজেলা পরিষদ কার্যালয়ের ইন্টারনেট সংযোগ ফি এবংজুলাই/২১হতে এপ্রিল/২২ মাসের মাসিক বিল বাবদ আলামিন এর অনুকূলে ৩১,২০০/-চেক প্রদান চেক নং১৫৭৭৪৭০ তাং২৪/৫/২২। | উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

সভাপতি জনাব নাজিরা বেগম গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কমকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্ততের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জন প্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

নাজিরা বেগম
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৫৪৮

তারিখঃ ২০/০৬/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২।জেলা প্রশাসক, সিলেট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৪। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৫। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৬। উপজেলা----------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৭। চেয়ারম্যান------------------------------------------ ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৮। অফিস নথি/ মাষ্টার ফাইল।

২০/০৬/২২

মোঃ গোলাম কবির
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৪ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ১০ নংবাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, ১১ নংশরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৫ | সংরক্ষিত মহিলা সদস্য, সংরক্ষিত আসন নং ০২ | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৭ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৮ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৯ | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক | - | স্বাক্ষরিত |
| ৩০ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ৩১ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ৩২ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩৩ | তথ্য সেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩৪ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, বুধবারীবাজার ইউপি | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য, সংরক্ষিত আসন নং ০৩ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |